গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩২.১৭.　　তারিখ: ১৩ কার্তিক ১৪২৫ / ২৮ অক্টোবর ২০১৮

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোসা: রহিমা আসমা (১৩৩০০), সহকারি অধ্যাপক (পদার্থবিজ্ঞান), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা গত ০১/০১/২০১৭ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক ''অসদাচরণ'' ও "ডিজারশন" এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু আপনি জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি বিধি অনুযায়ী তদন্ত করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮এর ৩(খ) এবং ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' এবং 'পলায়নের দায়ে দোষী' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব মোসা: রহিমা আসমা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "'পলায়নের দায়ে দোষী" এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ডি) অনুসারে আপনাকে "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" দন্ড বা অন্য কোন দন্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৫.১০.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

জনাব মোসা: রহিমা আসমা (১৩৩০০)
সহকারি অধ্যাপক (পদার্থবিজ্ঞান)
সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা ।
স্থায়ী ঠিকানা:
জনাব মোসা: রহিমা আসমা
গ্রাম-বড়ইয়া ডাকঘর: ভাষানচর
থানা-মেহেন্দীগঞ্জ জেলা-বরিশাল।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩২.১৭.৪৭২/১(২)　　তারিখ: ১৩ কার্তিক ১৪২৫ / ২৮ অক্টোবর ২০১৮

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮/১০/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৬.১৪. তারিখ: ১০ কার্তিক ১৪২৫ / ২৫ অক্টোবর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মো: আবুল হাশেম (০৩০৭৪), সহকারি অধ্যাপক (সমাজবিজ্ঞান), খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি গত ১৫.০৭.২০১৪ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক ''অসদাচরণ'' ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশটি তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি জবাব প্রদান করেননি এবং নোটিশটি ফেরত আসেনি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অভিযুক্ত কর্মকর্তা আমেরিকায় থাকায় নোটিশ ফেরত আসে;

যেহেতু, জনাব মো: আবুল হাশেম এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদন্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী ''চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে;

সেহেতু, জনাব মো: আবুল হাশেম -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদন্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী " চাকরি হতে অপসারণ (Removal from Service)"করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ২৪.১০.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৬.১৪. ৪৭৩/১(৯) তারিখ: ১০ কার্তিক ১৪২৫ / ২৫ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আবুল হাশেম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি।
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি ।
৯। জনাব মো: আবুল হাশেম (০৩০৭৪), সহকারি অধ্যাপক (সমাজবিজ্ঞান), খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি।

২৫/১০/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬